টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

কর্ম্মক্লান্ত শরীরে মানুষ যখন
ঝিমিয়ে পরে তখন প্রয়োজন হয়
একটু উৎসাহের
সেই উৎসাহ জুগিয়ে দেবে
★★
★
চা ভাণ্ডারের চা
হেড অফিস—রঘুনাথগঞ্জ সদরঘাট
ব্রাঞ্চ — রঘুনাথগঞ্জ ফুলতলা

৫৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩রা অগ্রহায়ণ বুধবার, ১৩৭৬ ইং 19th Nov. 1969 | ২৭শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার স্ট্রীট কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

PATENT NO.
খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার স্ট্রীট, কলিকাতা-১২

দীর্ঘকালীন দুরারোগ্য ও জটিল
ব্যাধিগ্রস্তেরা হতাশ হইবেন না। বিশেষ
যত্নের সহিত চিকিৎসা করা হয়। সাক্ষাৎ করুন।
ডাঃ তপোময় চৌধুরী, এম-এ
রেজিষ্টার্ড হোমিওপ্যাথ
নীলরতন কলোনী, রঘুনাথগঞ্জ।

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

যদিও আমার প্রভু
শুঁড়ি বাড়ী যায়,
তথাপি তিনি আমার
নিত্যানন্দ রায়।

—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩রা অগ্রহায়ণ বুধবার সন ১৩৭৬ সাল।

# বিদ্যালয়ের শিক্ষাবর্ষের শেষ মরশুমে

—০—

পশ্চিমবঙ্গে নূতন শিক্ষাবর্ষ আরম্ভ হইতে আর সওয়া এক মাস মত বাকী আছে। ইতিমধ্যে বিভিন্ন প্রাথমিক-মাধ্যমিক বিদ্যালয় সমূহে বাৎসরিক শেষ পরীক্ষার প্রস্তুতির ধূম ধারাক্কা লাগিয়া গিয়াছে। বর্তমান মাসের শেষ সপ্তাহ হইতেই নানা স্থানে পরীক্ষা শুরু হইতেছে। ছাত্র-ছাত্রীদের সারা বৎসরের পাঠ গ্রহণের চূড়ান্ত পর্যায়ের মাপকাঠি এই সময়ের পরীক্ষা। বাৎসরিক পরীক্ষা শেষ হইতে না হইতেই স্কুল ফাইনাল ও উচ্চতর মাধ্যমিক শ্রেণীর টেষ্ট পরীক্ষা হইবে। কর্মব্যস্ত বিদ্যালয়-গুলিতে প্রাথমিক শেষ পরীক্ষা, বাৎসরিক পরীক্ষা ও টেষ্ট পরীক্ষার ব্যবস্থাপনায় এখন দম ফেলিবার অবকাশ নাই। পরীক্ষার ফলাফল ঘোষণার হাঙ্গাম-হুজ্জৎ কম নহে। মধ্যশিক্ষা পর্ষদের পরীক্ষার্থীদের ফরম পূরণ, পরীক্ষা-ফি গ্রহণ ও তাহা প্রেরণ—রীতিমত ঝামেলার ব্যাপার। এই অবকাশেই নূতন শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক নির্বাচন আছে। মোট কথা, ডিসেম্বর মাসটি সকল দিক দিয়া বিদ্যালয়-কর্মীদের পক্ষে অত্যন্ত ব্যস্ততার সময়।

সরকারী ফরমান অনুসারে এখন বিদ্যালয়ে (মাধ্যমিক) একাডেমিক কাউন্সিল থাকিবে। এই কাউন্সিল শিক্ষকদের দ্বারা গঠিত। কাউন্সিল পাঠ্যপুস্তক নির্বাচন, অনুমোদন প্রভৃতি কার্যে ভার-প্রাপ্ত। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয় ও কাউন্সিলের সদস্যগণের মতবিরোধ উপস্থিত হইলে ক্ষেত্র বিশেষে পাঠ্যপুস্তক নির্বাচনের কাজ বিলম্বিত হইবার সম্ভাবনা। আমরা অবশ্য তাঁহাদের নিকট হইতে একটা সামঞ্জস্যপূর্ণ আবহাওয়াই আশা করিব। শিক্ষা-কাউন্সিলের নিকট আমাদের আর একটি অনুরোধ। এই কাজে দলমত যেন দেখা না দেয়। পাঠ্যপুস্তক যেমন উপযুক্ত হওয়া উচিত, তেমনই বাজারে তাহা সুলভ্য হওয়া চাই। তাহা না হইলে যদি কেবল মুখ তাকাইয়া কাজ করা হয়, তবে মর্মান্তিক ব্যাপার হইবে সন্দেহ নাই।

বর্তমান রাজ্য সরকারের নির্দেশে আগামী ১৫ই জানুয়ারীর মধ্যে বিদ্যালয় সমূহের (মাধ্যমিক) পরিচালক সমিতি পুনর্গঠিত হওয়া চাই। আর এই পুনর্গঠনে নির্বাচনের কাজটি সহজসাধ্য নহে। একটি প্রদর্শিকা-পুস্তিকায় তাহার নানা নির্দেশ আছে। সবগুলি যথাযথ না হইলে নির্বাচনপর্ব ভণ্ডুল হইতে বাধ্য। স্থানীয় একটি বিদ্যালয়ে আজিও নির্বাচনী নির্দেশ শিক্ষাপর্ষদ হইতে পাওয়া যায় নাই। জেলা বিদ্যালয় পরিদর্শকের অফিস এই ব্যাপারে উপযুক্ত পন্থা বাতলাইতে পারেন নাই। শুধু মাত্র বোর্ডকে পত্রযোগে জানাইবার কথা বলা হইয়াছে। তাহা যেন হইল। এবং আলোচ্য বিদ্যালয় নির্বাচনের জন্য কিছুটা সময়ও পাইল। কিন্তু জানুয়ারী মাসের ১৫ তারিখের মধ্যে তাহা সম্ভব হইবে না। আর না হইলেই নূতন অভিভাবক ভোটার সম্পর্কে ব্যবস্থা কি হইবে—ইহাও এক প্রশ্ন। এই ব্যাপারে বোর্ডের সুস্পষ্ট নির্দ্দেশ অভিপ্রেত।

তাহা ছাড়া শিক্ষাবর্ষের শেষ সময়ে বহু কাজের ঝামেলায় এই নির্বাচনপর্ব একটি বিরাট শ্রমসাধ্য কাজ। সরকার এই সময়ের মধ্যে নূতন বিদ্যালয় পরিচালক সমিতি গঠনের নির্দেশ না দিলেই ভাল করিতেন; অথবা সময় আরও বাড়াইয়া দিলে ভাল হইত।

—

## হর্ষবর্দ্ধন

—শ্রীবাতুল

'কেন্দ্রে কংগ্রেসের বিযুক্তি পর্বে নির্বাচনী প্রতীক কী হইতে পারে?'—প্রশ্ন।

জোড়া বলদকে কেটে এক ভাগ ইন্দিরাপন্থীকে দিন ঊর্দ্ধ পুচ্ছ করে, আরেক ভাগ সিণ্ডিকেটপন্থীকে দিন শিং ভেঙ্গে দিয়ে।

* * *

কালীপূজায় বাজি পোড়ান নিষেধ। —কিন্তু বাজি ফাটানো নিষিদ্ধ ছিল না।

* * *

শহরের প্রধান প্রধান সড়ক এব্‌ড়ো-খেব্‌ড়ো হতে লেগেছে দেখে কাতুখুড়ো বলেন—কমিশনারদের ঘুম ভাঙ্গেনি এখনও।

* * *

প্রধান মন্ত্রী শ্রীমতী গান্ধী দেওয়ালীর শুভেচ্ছা স্থান বিশেষে পাঠিয়েছিলেন।

শ্রীনিজলিঙ্গাপ্পা যেমন খাপ্পা, নিশ্চয়ই তিনি পাননি।

* * *

'কেন্দ্রের কংগ্রেসে টাল-মাটালে অকমিউনিস্ট বিরোধী দলগুলির ভূমিকা কী?' —জনৈক মাথা-ব্যথাসম্পন্ন ব্যক্তি।

—আজ্ঞে ওয়েট এণ্ড ওয়াচ।

* * *

প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এলাহাবাদে নেহরু পরিবারের বসত-বাটী আনন্দ-ভবন জওহরলাল নেহরু স্মারক তহবিলে দান করেছেন। —সংবাদ

এটা 'অর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ' নয়ত?

* * *

ধানকাটার মরশুমে গোলমালের আশঙ্কায় রাজ্য-সরকার পুলিশ ক্যাম্প বসানো আরম্ভ করেছেন।

চাষী খেপায় কেউ,
সখের পুলিশ ফেউ!

* * *

'যুগবাণী' পড়েন? —প্রশ্ন।

পড়ি বই কি? পর্দ্দার আড়ালেই ত যুগের বাণী!

—

## প্রাপ্ত

ব্রাহ্মণটুলি গ্রাম হইতে শ্রীঅম্বিকাচরণ দাস মহাশয় জানাইতেছেন—

জঙ্গিপুর শহরের অনতিদূরবর্ত্তী ব্রাহ্মণটুলি গ্রামের গ্রামদেবতা হিসাবে জনসাধারণের পূজিত একটি অতি প্রাচীন দেবমূর্ত্তি আছে। মূর্ত্তিটী পাথরে-খোদিত ভক্তজন প্রদত্ত সিন্দুর-চন্দনে অনুলেপিত লোকে এতকাল শিব বলিয়া জানিত।

শারদীয়া মহাপূজার কিছুদিন পূর্ব্বে দেখা গেল উক্ত শিবমূর্ত্তিটী ফাটিয়া একটী সুন্দর কারুকার্য্যময় নারায়ণ-মূর্ত্তি বাহির হইয়াছে। প্রতিদিন দর্শনার্থী বহু ভক্তজনের সমাগম হইতেছে। উক্ত বিগ্রহের সেবাইত ও পূজক শ্রীতিনকড়ি চক্রবর্ত্তী মহাশয় পূজাপাঠ করিতেছেন।

---

## ফুটবল প্রতিযোগিতায় সাফল্য

জঙ্গিপুর মহকুমা আন্তবিদ্যালয় ফুটবল প্রতিযোগিতায় জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এই বৎসর মহকুমা চাম্পিয়ন হইয়া 'রাখালচন্দ্র সাহা মেমোরিয়াল' শীল্ড লাভ করিয়া জেলা অন্তর্বিদ্যালয় ফুটবল প্রতিযোগিতায় যোগদান করিয়া বিজয়ী হইয়া 'ডোমনপ্রসাদ চন্দ্র' শীল্ড লাভ করিয়াছে।

---

## মোটর-বাসের ধাক্কায় আহত

গত ১৬ই নভেম্বর রবিবার বৈকালে রঘুনাথগঞ্জের মোক্তার শ্রীসুধীরকুমার মুখোপাধ্যায় মহাশয় রিক্সাযোগে আসিতেছিলেন, খড়খড়ি সাঁকোর নিকট "শ্রীদুর্গা" নামক মোটর-বাসের ধাক্কায় রিক্সাখানি উল্‌টাইয়া যায়। সুধীর বাবু রাস্তার কিনারা হইতে গড়াইয়া নদীর জলে পতিত হন এবং মাথায় ও পাঁজরায় আঘাত পান। পুলিশ 'শ্রীদুর্গা' মোটর বাসখানি রঘুনাথগঞ্জ থানায় আটক করিয়া রাখেন।

---

## আমাদের অবকাশ

আমরা শারদীয়া মহাপূজার অবকাশ গ্রহণ করি নাই। আগামী ১০ই ও ১৭ই অগ্রহায়ণ, ১৩৭৬ আমরা উক্ত অবকাশ গ্রহণ করিব। সেজন্য ঐ দুই সপ্তাহের "জঙ্গিপুর সংবাদ" প্রকাশিত হইবে না।

---

## কার্ত্তিক পূজা

জঙ্গিপুর মহকুমায় রঘুনাথগঞ্জ শহর হইতে চারি মাইল দূরবর্ত্তী মির্জাপুর গ্রামে অনেকগুলি কার্ত্তিক পূজা হইয়া থাকে। এবারেও উক্ত পূজা সম্পন্ন হইয়াছে। বিসর্জ্জনের দিন সকল প্রতিমা একত্রিত হয় এবং এক বেলার জন্য একটা মেলা বসিয়া থাকে। বিসর্জ্জন দেখিবার জন্য নিকটস্থ গ্রামসমূহ হইতে বহু লোকের সমাগম হয়।

---

## খসড়া ভোটার তালিকা প্রকাশিত

সরকারী সংবাদে প্রকাশ যে ৪৬নং ফরাক্কা, ৪৭নং সুতী, ৪৮নং জঙ্গিপুর ও ৪৯নং সাগরদীঘি বিধানসভার নির্ব্বাচক-মণ্ডলীর খসড়া ভোটার তালিকা জঙ্গিপুর মহকুমা শাসকের অফিসে, সংশ্লিষ্ট ব্লক অফিস, অঞ্চল পঞ্চায়েত ও গ্রাম পঞ্চায়েতের অফিসে জনসাধারণের পরিদর্শনের জন্য ১১ই নভেম্বর প্রকাশিত হয়েছে।

উক্ত তালিকায় কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য দাবী বা কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন আপত্তি থাকিলে তাহা জঙ্গিপুর মহকুমা শাসকের অফিসে বা সংশ্লিষ্ট বি. ডি. ও. এর নিকট ১৯৬৯ সালের ১লা ডিসেম্বর মধ্যে উপস্থাপিত করতে হবে।

জঙ্গিপুর মহকুমা তথ্য দপ্তর

---

## অফিস স্থানান্তরিত

বহরমপুর গোরাবাজারে 'মোহন টকি'র পার্শ্বে অবস্থিত জেলা ক্ষেত্র তথ্য-দপ্তর অফিস, সংশ্লিষ্ট শাখা অফিসসমূহ সহ গোরাবাজার কনভেন্টের নিকট ২৬/৩, শহীদ সূর্য্য সেন রোডে উঠিয়া গিয়াছে।

---

## নিলামের ইস্তাহার

**চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত**

**নিলামের দিন ৮ই ডিসেম্বর, ১৯৬৯**

**১৯৬৬ সালের ডিক্রীজারী**

২৮ মনি ডিঃ সাকেরাতুন বিবি দেং ফিরোজ সেখ দিং দাবি ১১১৬-০৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ৫০ শতকের কাত হারাহারি ১-৯৪ পঃ আঃ ৫০০৲ রায়ত স্থিতিবান

---

## বিজ্ঞপ্তি

**বাড়ালা রামদাস সেন উচ্চতর-মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পুনর্গঠন**

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষাপর্ষদের নির্দেশানুযায়ী বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি পুনর্গঠিত হইবে। ২৭-১১-৬৯ তারিখে বেলা ২ ঘটিকায় বিদ্যালয়ের নোটিশ বোর্ডে ভোটদাতাগণের খসড়া তালিকা টাঙ্গাইয়া দেওয়া হইবে এবং ২৮-১২-৬৯ তারিখে সদস্য নির্বাচনের জন্য ভোট গ্রহণ করা হইবে। বিস্তারিত সংবাদ প্রধান শিক্ষক মহাশয়ের নিকট হইতে বিদ্যালয় চলাকালীন পাওয়া যাইবে।

**মোঃ সোহরাব,**
প্রধান শিক্ষক
বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়

---

## বাঙ্গাবাড়ী উচ্চ বিদ্যালয়

পোঃ গাঙ্গিন (মুর্শিদাবাদ)

## বিজ্ঞপ্তি

**বিদ্যালয়ের পরিচালক সমিতির নির্বাচনের কার্যসূচী**

সাময়িক ভোটার তালিকা প্রকাশিত হইবার তারিখ ও সময় ১১-১২-৬৯ বেলা ২টা, ভোটার তালিকায় কোন নাম অন্তর্ভুক্ত করিবার দাবী এবং কোন নাম অন্তর্ভুক্তির বিরুদ্ধে বক্তব্য দাখিল করণের জন্য নির্ধারিত তাং ও সময় ১৯-১২-৬৯ বেলা ২টা পর্যন্ত, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হইবার তারিখ ও সময় ২৭-১২-৬৯ বেলা ২টা, শিক্ষায়তনের প্রধানের নিকট মনোনয়ন-পত্র (সমূহ) দাখিল করণের শেষ তারিখ ও সময় ৬-১-৭০ বেলা ২টা পর্যন্ত, মনোনয়ন-পত্রগুলি সূক্ষ্মভাবে পরীক্ষার (স্ক্রুটিনি) তারিখ ও সময় ৭-১-৭০ বেলা ২টা, মনোনয়ন-পত্র প্রত্যাহারের তারিখ ও সময় ৮-১-৭০ বেলা ২টা পর্যন্ত, নির্বাচন অনুষ্ঠান ১১-১-৭০ তারিখে বেলা ৯টা হইতে বেলা ১২টা এবং প্রয়োজনবোধে বেলা ১টা হইতে বিকাল ৪টা।

**নরেন্দ্রকুমার সিংহ,**
প্রধান শিক্ষক
বাঙ্গাবাড়ী উচ্চ বিদ্যালয়

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

## জবাকুসুম
কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B

## ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

## আর পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

### ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের
## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০'০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২'০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮'০০ আঠার টাকা। তিন টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)